# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفصلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا رَأَيْتَ اللَّهَ عَزَّ وَجَلَ يُعْطِي الْعَبْدَ مِنَ الدُّنْيَا عَلَى مَعَاصِيهِ مَا يُحِبُّ فَإِنَّمَا هُوَ اسْتِدْرَاجٌ» ثُمَّ تَلَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلَمَّا نسوا ماذكروا بِهِ فَتَحْنَا عَلَيْهِمْ أَبْوَابَ كُلِّ شَيْءٍ حَتَّى إِذَا فَرِحُوا بِمَا أُوتُوا أَخَذْنَاهُمْ بَغْتَةً فَإِذَا هم مبلسون) رَوَاهُ أَحْمد

حسن ، رواه احمد (4 / 145 ح 17444) * رشدين بن سعد ابو الحجاج : ضعيف و للحديث شاهد عند البيهقي (شعب الايمان : 4540 ، نسخة محققة : 4220) و سنده حسن ۔

(إِسْنَاده جيد)

বাংলা

৫২০১-[৪৭] ’উক্বাহ্ ইবনু ’আমির (রাঃ) নাবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: যখন তুমি দেখবে কোন বান্দার গুনাহ ও অবাধ্যতা সত্ত্বেও মহাপরাক্রমশালী আল্লাহ তাকে দুনিয়াতে যা সে পছন্দ করে তা দিচ্ছেন ~~দুনিয়ার প্রিয় বস্তু করছেন~~, তখন বুঝে নাও যে, মূলত এটা অবকাশমাত্র (অর্থাৎ,শাস্তির জন্য অবকাশ)। অতঃপর রাসূলুল্লাহ (সা.) এ আয়াতটি পাঠ কর। ‟তাদেরকে যে নসীহত করা হয়েছিল তারা যখন তা ভুলে গেল, তখন আমি তাদের জন্য হাত নি’আমতের দরজা খুলে দিলাম; পরিশেষে তাদেরকে যা দেয়া হল তাতে তারা যখন আনন্দে মেতে উঠল হঠাৎ করে তাদেরকে ধরে বসলাম। তখন (যাবতীয় কল্যাণ থেকে) তারা নিরাশ হয়ে গেল’’- (সূরা আন্’আম ৬:৪৪)। (আহমাদ)।

> লাল মার্ক করা অংশের অনুবাদ সঠিক না হবার কারনে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

## ফুটনোট

সনদ জায়্যিদ বা ভালো: সিলসিলাতুস্ সহীহাহ্ ৪১৩, মুসনাদে আহমাদ ১৭৩৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : আল্লাহর নাফরমান পাপাচারীর পাপাচারিতা সত্ত্বেও তাকে দুনিয়ার প্রিয় নিআমতরাজি প্রদান। তাদের জন্য আনন্দের কিছু নয়, বরং এটা আল্লাহর ধীরস্থিরে ধরার অবকাশ মাত্র।

আল কামূস আল ওয়াজী অভিধানে রয়েছে, (اسْتِدْرَاجٌ)শব্দের অর্থ আস্তে আস্তে নেয়া, ধীরে ধীরে পাকড়াও করা, ক্রমান্বয়ে আনা। অর্থাৎ কাউকে তার অনাচারে সুযোগ দিয়ে ধীরস্থির মতো পাকড়াও করা।

রাসূলুল্লাহ তার প্রমাণে নিম্নের আয়াত তিলাওয়াত করলেন, “অতঃপর কিতাবীদের যেসব উপদেশ দেয়া হয়েছিল তারা যখন তা ভুলে গেল, তখন আমি তাদের জন্য প্রত্যেক নি'আমতের দ্বার উন্মুক্ত করে দিলাম। অবশেষে যখন তারা প্রাপ্ত জিনিসে অত্যধিক আনন্দিত হয়ে পড়ল। এমতাবস্থায় আমি তাদের হঠাৎ পাকড়াও করলাম, তখন তারা হতভম্ব হয়ে পড়ল।” (সূরা আল আ'আম ৬:৪৪)

এ পাকড়াও দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর আকস্মিক কোন গযব অথবা মৃত্যু। এ সময় তারা হতভম্ব এবং নিরাশ হয়ে যায়, তাদের করার আর কিছু থাকে না। অবাধ্যচারীদের স্বভাব এই যে, তাদের প্রতি আল্লাহর নি'আমতসমূহ যখন বেড়ে যায় তখন তাদের অবাধ্যাচারিতাও বেড়ে যায়, এটা তাদের নির্বুদ্ধিতার কারণেই হয়ে থাকে।

ফুজায়ল ইবনু ‘আইয়্যা (রহিমাহুল্লাহ) বলেন, আল্লাহ যদি কারো ওপর কোন নি'আমত দান করেন আর সে তার যথাযথ মর্যাদা রক্ষা করে এর উপর অটুট থাকে এবং আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে, তাহলে আল্লাহ তাকে তার চেয়ে বড় নি'আমতে ভূষিত করেন। (মিক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন